



স্মারক নং- ৩৩.০০.০০০০.১২৬.৩১.০১২.২১-১০২৯

তারিখঃ ২১ ভাদ্র ১৪২৮  
২৬ আগস্ট ২০২১

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব ফারহানা জাহান, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য ভবন, রমনা, ঢাকা বিগত ২৮ অক্টোবর ২০২০ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;


যেহেতু, কোন প্রকার ছুটির অনুমোদন ছাড়াই কর্মস্থলে অনুপস্থিত থাকায় মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা কর্তৃক বিগত ০২/১২/২০২০ ও ০৭/০১/২০২১ তারিখে তাঁকে কারণ দর্শানো হলে তিনি নির্ধারিত সময়সীমা পেরিয়ে গেলেও জবাব প্রদান না করায় পুনরায় মৎস্য অধিদপ্তর কর্তৃক ০১/০২/২০২১ তারিখ কারণ দর্শানোর পত্র প্রেরণ করা হয়। তিনি ০৪/০২/২০২১ তারিখে কারণ দর্শানোর জবাব প্রদান করলেও ক্রমাগতভাবে সরকারি চাকরিতে অনুপস্থিত রয়েছেন। তাঁর জবাবে উর্ধ্বতন কর্তৃপক্ষ সম্পর্কে অসৌজন্যমূলক, বিভ্রান্তিকর ও শিষ্টাচার বর্হিভূত বক্তব্য উপস্থাপন করা হয়েছে যা ভিত্তিহীন এবং সন্তোষজনক নয় মর্মে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর কর্তৃক মতামত প্রদান করা হয়েছে;

যেহেতু, জনাব ফারহানা জাহান, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য ভবন, রমনা, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী ( শৃঙ্খলা ও আপিল ) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন (Desertion)” এর অভিযোগ রয়েছে।

সেহেতু, জনাব ফারহানা জাহান, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য ভবন, রমনা, ঢাকা -কে ২৮-১০-২০২০ তারিখ হতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সরকারি চাকুরী হতে সাময়িক ভাবে বরখাস্ত করা হলো।

০২। প্রচলিত বিধি অনুযায়ী সাময়িক বরখাস্তকালীন তিনি খোরপোষ ভাতা পাবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
সচিব

স্মারক নং- ৩৩.০০.০০০০.১২৬.৩১.০১২.২১- ১০২৯

তারিখঃ ২১ ভাদ্র ১৪২৮  
২৬ আগস্ট ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ইমেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ০২। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৩। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও ঢাকা (এ প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। জনাব ফারহানা জাহান, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য ভবন, রমনা, ঢাকা।  
স্থায়ী ঠিকানাঃ পিতা-মোঃ ইউসুফ আলী, গ্রাম-পোয়াভাগ, ডাকঘর-বিবিরচর, উপজেলা-নকলা, জেলা-শেরপুর।
- ০৭। অতিঃসচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিঃসচিব (মৎস্য) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
হাফছা বেগম

উপসচিব  
ফোন নং-৯৫৭৭২৬২